

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
জাতীয় মহিলা সংস্থা
৬৫, গজাদাস গুহ রোড
ময়মনসিংহ জেলা কার্যালয়।


স্মারক নং-৩২.০২.৬১০০০.০০০.২৫.০১৭.২২.১৭৪

তারিখ: ২৮/০১/২০২৪ খ্রি:।

প্রশিক্ষণার্থী ভর্তি বিজ্ঞপ্তি

এতদ্বারা ময়মনসিংহ জেলাধীন সকল শিক্ষিত, অর্ধ শিক্ষিত, বেকার, মধ্যবিত্ত, দরিদ্র, অসহায় ও দুস্থ মহিলাদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ধীন জাতীয় মহিলা সংস্থা, ময়মনসিংহ জেলা কার্যালয়ে সেলাই ও এমব্রয়ডারী প্রশিক্ষণ কোর্সে ২০২৩-২০২৪ অর্থ বছরের মার্চ ২০২৪ হতে জুন ২০২৪ মাস পর্যন্ত ০৪ (চার) মাস মেয়াদে ৩০(ত্রিশ) জন মহিলা ভর্তি করা হবে। প্রশিক্ষণ ক্লাস ০২ শিফটে চালু থাকবে। ১ম শিফটের ক্লাসঃ সকাল ৯.৩০ টা হতে ১২.৩০ টা পর্যন্ত/ এবং ২য় শিফটের ক্লাসঃ দুপুর ১.০০ টা হতে বিকাল ৪.০০ টা পর্যন্ত ক্লাস চলবে। আবেদনকারীর বয়স আগামী ২৯/০২/২০২৪ তারিখে ১৮ বছর হতে ৩৫ বছর পর্যন্ত হতে হবে। আবেদনকারীকে ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঞ্জীন ছবি, জন্ম সনদ অথবা জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি এবং শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে। সাক্ষাৎকার গ্রহণের সময় জন্ম সনদ অথবা জাতীয় পরিচয় পত্রের মূল কপি এবং শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের মূলকপি সঙ্গে নিয়ে আসতে হবে। সপ্তাহে ০৫ (পাঁচ) দিন ক্লাস হবে। সাপ্তাহিক এবং সরকারী ছুটির দিনে ক্লাস বন্ধ থাকবে। প্রতিদিন উপস্থিতির জন্য দৈনিক ১০০/- (একশত) টাকা হারে উপস্থিতি ভাতা প্রদান করা হবে। ০৪ (চার) মাসের প্রশিক্ষণ ভাতা নগদ একাউন্ড এর মাধ্যমে প্রদান করা হবে। সে মতে কোর্স শেষ হওয়ার পূর্বেই ব্যক্তিগত একাউন্ড নম্বর দিতে হবে। জাতীয় মহিলা সংস্থা অথবা মহিলা বিষয়ক অধিদপ্তর হতে সেলাই ও এমব্রয়ডারী প্রশিক্ষণ গ্রহণকারীগণ আবেদন করিবেন না। সরকারী সকল অনুষ্ঠানে যোগদান করতে হবে। আবেদনকারীকে কমপক্ষে ৫ম শ্রেণী পাশ হতে হবে। আবেদন পত্রে অবশ্যই ১ম শিফট অথবা ২য় শিফট উল্লেখ করতে হবে। ভর্তি হওয়ার পর শিফট পরিবর্তন করা যাবে না। প্রশিক্ষণ চলাকালীন সময়ে প্রশিক্ষণার্থী নিয়ম শৃঙ্খলার পরিপন্থী কোন কাজ করলে তার ভর্তি বাতিল করা হবে। প্রশিক্ষণার্থী নির্বাচন / ভর্তির বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে। ভর্তি ফরম বিতরণ করার তারিখ: ০১/০২/২০২৪ এবং ভর্তি ফরম জমা দেওয়ার শেষ তারিখ: ১৫/০২/২০২৪ পর্যন্ত। সাক্ষাৎকার গ্রহণের তারিখ: ২৭/০২/২০২৪ সময় সকাল ১০.৩০টায় বিস্তারিত জানার জন্য অত্র অফিসে যোগাযোগ করার জন্য বলা হলো।

বিঃ দ্রঃ – ফরম পূরণ করে খামে করে অফিসে জমা দিবেন। কেউ অফিসে এসে ফরম পূরণ করলে ফরম বাতিল বলে গণ্য হবে।


(ফাতেমা জোহুরা রানী)
সাবেক সংসদ সদস্য
চেয়ারম্যান
জাতীয় মহিলা সংস্থা
ময়মনসিংহ জেলা কার্যালয়।